যোগাযোগ বিভাগ
ডাইরী নম্বরঃ ২৬৭
তারিখঃ ৩১/০৭/২২

DD(ATM)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
শৃঙ্খলা ও তদন্ত শাখা
www.caab.gov.bd

AA/RO

নথি নং-৩০.৩১.০০০০.২০১.৫৩.০০৭.১৭(অংশ-১)- ৭৫৬ তারিখ: ২৭ / ০৭ /২০২২ খ্রিঃ।

বিষয় : **জনাব মোঃ শহীদুজ্জামান, সহকারী প্রকৌশলী (সিভিল)-এর বিরুদ্ধে বিভাগীয় মামলা (মামলা নং-১১/২০২২) রুজুকরণ।**

SAban 31/07/2022

## অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোঃ শহীদুজ্জামান, সহকারী প্রকৌশলী (সিভিল) সদর দপ্তর প্রকৌশল বিভাগে নির্বাহী প্রকৌশলী হিসেবে কর্মরত অবস্থায় পরিবারবর্গ ও আত্মীয়-স্বজনের সাথে সাক্ষাতের উদ্দেশ্যে ২১ (একুশ) দিনের বহিঃবাংলাদেশ (অর্জিত) ছুটির অনুমোদনপ্রাপ্ত হয়ে বিগত ১৭/০১/২০২১ তারিখ যুক্তরাষ্ট্র গমন করেন, কিন্তু অনুমোদিত ছুটি ভোগ শেষে দেশে প্রত্যাবর্তন না করে বিনানুমতিতে বিদেশে অবস্থান করায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ মোতাবেক অনুপস্থিতির তারিখ হতে আপনাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয় এবং আপনার বিরুদ্ধে 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগ আনয়ন করে গত ১৩/০৪/২০২১ তারিখ বিভাগীয় মামলা নং-১৪/২০২১ রুজু করা হয়;

২.০ যেহেতু, বর্ণিত বিভাগীয় মামলায় আপনি যুক্তরাষ্ট্র হতে ২৫/০৫/২০২১ তারিখে স্বাক্ষরিত একটি জবাব ই-মেইলে বেবিচকে প্রেরণ করলেও সশরীরে উপস্থিত হয়ে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ না করায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করা হয় এবং তদন্তে 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগ প্রমাণিত হয়;

৩.০ যেহেতু, বিভাগীয় মামলার আনিত অভিযোগের প্রেক্ষিতে আপনার দাখিলকৃত জবাব, পূর্বাপর আচরণ, তদন্তকারী কর্মকর্তার বিস্তারিত তদন্ত প্রতিবেদন ও মতামত, বিদ্যমান বিধি-বিধান এবং সকল পক্ষের উপস্থাপিত তথ্যাদি পর্যালোচনায় স্বভাবগত ও অননুমোদিতভাবে বিদেশ অবস্থানের মাধ্যমে আপনার অসদাচরণ ও পলায়নের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় প্রবিধানমালা, ২০২১ এর ৪৯(খ) ও (গ) প্রবিধি অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়নের' দায়ে দোষী সাব্যস্ত করে প্রবিধানমালা, ২০২১ এর ৫০(১)(খ)(অ) প্রবিধি অনুযায়ী নিম্নপদে তথা সহকারী প্রকৌশলী (সিভিল) হিসেবে ৯ম গ্রেডের প্রারম্ভিক ধাপে স্থায়ীভাবে অবনমিতকরণ গুরুদন্ড আরোপ করে স্মারক নং-৩০.৩১.০০০০.২০১.৫৩.০০৭.১৭(অংশ-১)-৯২৫৫ তারিখ: ২৮/০২/২০২২ এর মাধ্যমে অফিস আদেশ জারি করা হয় এবং আদেশের তারিখ পর্যন্ত অননুমোদিত ছুটিকে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করে বিভাগীয় মামলা নং-১৪/২০২১ নিষ্পত্তিসহ সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হয়;

৪.০ যেহেতু, দন্ড প্রদান করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলেও কাজে যোগদান না করে আপনি যুক্তরাষ্ট্র হতে ০৮/০৫/২০২২ ও ২০/০৫/২০২২ তারিখে স্বাক্ষরিত শারীরিক অসুস্থতার দু'টি আবেদনপত্র ই-মেইলে বেবিচকে প্রেরণ করেন যা কর্তৃপক্ষ কর্তৃক নাকচ করা হয়; এবং

৫.০ যেহেতু, বিভাগীয় মামলা নিষ্পত্তির চূড়ান্ত আদেশ জারির তারিখ হতে ইতঃমধ্যে ৬০ (ষাট) দিনের অধিক সময় অতিক্রান্ত হয়েছে এবং আপনার উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (গ) বিধি অনুযায়ী 'পলায়ন'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

৬.০ সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (গ) বিধি অনুযায়ী 'পলায়ন'-এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৫০(১)(খ)(উ) বিধি অনুযায়ী কেন আপনার উপর "চাকরি হতে বরখাস্তকরণ" গুরুদন্ড আরোপ করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৫৩(১)(খ) বিধি অনুযায়ী এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি সশরীরে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এসাথে সংযুক্ত করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ০১ (এক) পাতা।

এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান
বিবিপি, বিএসপি, বিইউপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন: ৮৯০১৪০০

জনাব মোঃ শহীদুজ্জামান
সহকারী প্রকৌশলী (সিভিল), প্রকৌশল বিভাগ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
বর্তমান ঠিকানা: বাসা নং-৪১, রোড নং-০৩, সেক্টর নং-০৩, উত্তরা, ঢাকা।
স্থায়ী ঠিকানা: শহীদ বাচ্চু সরণী, হরিকুমারিয়া, ডাকঘর, থানা ও জেলা-মাদারীপুর।
বহিঃ বাংলাদেশ ঠিকানা:
86-73 107st, Jamaica Avenue, NY-11418, USA.

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
শৃঙ্খলা ও তদন্ত শাখা
www.caab.gov.bd

## অভিযোগ বিবরণী

জনাব মোঃ শহীদুজ্জামান, সহকারী প্রকৌশলী (সিভিল) বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সদর দপ্তর প্রকৌশল বিভাগে নির্বাহী প্রকৌশলী হিসেবে কর্মরত অবস্থায় পরিবারবর্গ ও আত্মীয়-স্বজনের সাথে সাক্ষাতের উদ্দেশ্যে ২১ (একুশ) দিনের বহিঃবাংলাদেশ (অর্জিত) ছুটির অনুমোদনপ্রাপ্ত হয়ে বিগত ১৭/০১/২০২১ তারিখ যুক্তরাষ্ট্র গমন করেন, কিন্তু অনুমোদিত ছুটি ভোগ শেষে দেশে প্রত্যাবর্তন না করে বিনানুমতিতে তিনি বিদেশে অবস্থান করায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ মোতাবেক অনুপস্থিতির তারিখ হতে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয় এবং তার বিরুদ্ধে 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগ আনয়ন করে গত ১৩/০৪/২০২১ তারিখ বিভাগীয় মামলা নং-১৪/২০২১ রুজু করা হয়। বর্ণিত বিভাগীয় মামলায় তিনি যুক্তরাষ্ট্র হতে ২৫/০৫/২০২১ তারিখে স্বাক্ষরিত একটি জবাব ই-মেইলে বেবিচকে প্রেরণ করলেও সশরীরে উপস্থিত হয়ে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ না করায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করা হয় এবং তদন্তে 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগ প্রমাণিত হয়।

২.০ বিভাগীয় মামলার আনিত অভিযোগের প্রেক্ষিতে তার দাখিলকৃত জবাব, পূর্বাপর আচরণ, তদন্তকারী কর্মকর্তার বিস্তারিত তদন্ত প্রতিবেদন ও মতামত, বিদ্যমান বিধি-বিধান এবং সকল পক্ষের উপস্থাপিত তথ্যাদি পর্যালোচনায় স্বভাবগত ও অননুমোদিতভাবে বিদেশ অবস্থানের মাধ্যমে তার অসদাচরণ ও পলায়নের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় প্রবিধানমালা, ২০২১ এর ৪৯(খ) ও (গ) প্রবিধি অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়নের' দায়ে দোষী সাব্যস্ত করে প্রবিধানমালা, ২০২১ এর ৫০(১)(খ)(অ) প্রবিধি অনুযায়ী নিম্নপদে তথা সহকারী প্রকৌশলী (সিভিল) হিসেবে ৯ম গ্রেডের প্রারম্ভিক ধাপে স্থায়ীভাবে অবনমিতকরণ গুরুদণ্ড আরোপ করে স্মারক নং-৩০.৩১.০০০০.২০১.৫৩.০০৭.১৭(অংশ-১)-৯২৫৫ তারিখ: ২৮/০২/২০২২ এর মাধ্যমে অফিস আদেশ জারি করা হয় এবং আদেশের তারিখ পর্যন্ত অননুমোদিত ছুটিকে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করে বিভাগীয় মামলা নং-১৪/২০২১ নিষ্পত্তিসহ সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হয়।

৩.০ দণ্ড প্রদান করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলেও অদ্যাবধি কাজে যোগদান না করে তিনি যুক্তরাষ্ট্র হতে ০৮/০৫/২০২২ ও ২০/০৫/২০২২ তারিখে স্বাক্ষরিত শারীরিক অসুস্থতার দু'টি আবেদন ই-মেইলে বেবিচকে প্রেরণ করেন যা কর্তৃপক্ষ কর্তৃক বিবেচিত হয়নি এবং বিভাগীয় মামলা নিষ্পত্তির চূড়ান্ত আদেশ জারির তারিখ হতে ইতঃমধ্যে ৬০ (ষাট) দিনের অধিক সময় অতিক্রান্ত হয়েছে।

৪.০ জনাব মোঃ শহীদুজ্জামান, সহকারী প্রকৌশলী (সিভিল)-এর উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (গ) বিধি অনুযায়ী 'পলায়ন'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান
বিবিপি, বিএসপি, বিইউপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন: ৮৯০১৪০০